CENTRAL LIBRARY N.C.COLLEGE



**TDC (CBCS) Odd Semester Exam., 2023**

# BENGALI

( Honours )

**( 5th Semester )**

Course No. : BNGHCC–501T

( বিশ শতকের বাংলা সাহিত্য–২ )

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো দুটি প্রশ্ন নিয়ে দশটি প্রশ্নের উত্তর দাও :
২×১০=২০

### UNIT—I

১। 'পদাতিক কবি' নামে কে পরিচিত? তিনি বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় থেকে কোন্ পুরস্কার লাভ করেছিলেন?

২। বাংলা সাহিত্য জগতে কে 'দুঃখবাদী কবি' হিসেবে পরিচিত? তাঁর যে কোনো একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৩। জীবনানন্দ দাশের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? 'বনলতা সেন' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



### UNIT—II

৪। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'অশনি সংকেত' উপন্যাস ছাড়া তাঁর লেখা অন্য যে কোনো দুটি উপন্যাসের নাম লেখো।

৫। অনঙ্গ-বৌয়ের ছেলে দুটির নাম কী ছিল?

৬। গঙ্গাচরণের আদি বাসস্থান কোথায়? তিনি সর্বশেষ যে গ্রামে বসতি স্থাপন করেছিলেন সেই গ্রামের নাম কী?

### UNIT—III

৭। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের জন্ম এবং মৃত্যুসাল উল্লেখ করো।

৮। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় কোন্ উপন্যাসের জন্য 'রবীন্দ্র পুরস্কার' এবং কোন্ উপন্যাসের জন্য 'জ্ঞানপীঠ পুরস্কার' অর্জন করেছিলেন?

৯। 'কবি' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে? উপন্যাসটির মোট পরিচ্ছেদ সংখ্যা কত?

### UNIT—IV

১০। মনোজ মিত্রের লেখা তোমার পাঠ্য-নাটক ছাড়া অন্য দুটি পূর্ণাঙ্গ নাটকের নাম লেখো।

১১। "এখনও বাগান সাজাচ্ছো! গাছ পুঁতছো! ও গাছের ফল খাবে কে?" কে, কাকে এই কথা বলেছিল?

১২। 'সাজানো বাগান' নাটকের অঙ্ক-সংখ্যা কত? নাটকটি কী নামে চলচ্চিত্রায়িত হয়েছিল?





### UNIT—V

১৩। মহাশ্বেতা দেবীর জন্ম এবং মৃত্যুসাল উল্লেখ করো।

১৪। 'বিছন' গল্পে উল্লিখিত দুটি গ্রামের নাম লেখো।

১৫। "কঙ্কালের গলা থেকে অতি যত্নে হারটা খুলল।" হারটি কীসের ছিল? কোন্ স্যাকরা এই হারটি গড়েছিল?

## SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ১০×৫=৫০

### UNIT—I

১৬। "'অবনী বাড়ি আছো' কবিতাটি এক অর্থে সময় ও সমাজ-ঘনিষ্ঠ কবির আত্ম-উন্মোচন।" মন্তব্যটি বিশ্লেষণ করো।

১৭। সুভাষ মুখোপাধ্যায়ের 'যত দূরেই যাই' কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা প্রস্তুত করো।

### UNIT—II

১৮। "১৩৫০ বঙ্গাব্দের মনুষ্যসৃষ্ট মন্বন্তর যেভাবে গ্রাম বাংলায় অনুপ্রবেশ করেছিল, তার বাস্তব চিত্র অঙ্কিত হয়েছে 'অশনি সংকেত' উপন্যাসে।" তোমার পাঠ-অভিজ্ঞতার মাধ্যমে মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো।

১৯। 'অশনি সংকেত' উপন্যাস অবলম্বনে গঙ্গাচরণ চরিত্রটি বিশ্লেষণ করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## UNIT—III

২০। "ভালোবেসে মিটল না আশ, কুলালো না এ জীবনে। হায়, জীবন এত ছোট কেনে?—নিতাইচরণের এই আক্ষেপ মূলত তার জীবনতৃষ্ণা থেকেই উদ্ভূত।" আলোচনা করো।

২১। 'কবি' উপন্যাসে ব্রাত্য জীবনের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

## UNIT—IV

২২। " 'সাজানো বাগান' এমন একটি নাটক, যেখানে বক্তব্যের অন্তঃসলিলা স্রোতে ভাসতে ভাসতে দর্শকের মনে অজান্তেই গভীর ভাব প্রোথিত হয়।" সমালোচকের এই বক্তব্য বিশদভাবে বুঝিয়ে দাও।

২৩। 'সাজানো বাগান' নাটকের সংলাপ কতটুকু সার্থক হয়েছে, আলোচনা করো।

## UNIT—V

২৪। মহাশ্বেতা দেবীর 'ভাত' গল্পে মানুষের চিরক্ষুধার যে বর্ণনা দিয়েছেন তা পর্যালোচনা করো।

২৫। 'সংরক্ষণ' গল্পের নামকরণে যে বহুমাত্রিক ব্যঞ্জনা আছে তা পরিস্ফুট করো।

***